

প্রাথমিক সমাপনী জেএসসি জেডিসির ফল আজ

■ সমকাল প্রতিবেদক
এ বছর পঞ্চম শ্রেণীর সমাপনী জেএসসি ও সমমানের পরীক্ষায় অবতীর্ণ ৫৬ লাখ শিক্ষার্থীর অপেক্ষার পালা শেষ হচ্ছে আজ। রেওয়াজ অনুযায়ী বিভিন্ন শিক্ষা বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার আজ সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের অনুলিপি তুলে দেবেন। এর পর সচিবালয়ে নিজ নিজ মন্ত্রণালয়ে পৃথক সংবাদ সম্মেলন করে দুই মন্ত্রী ফলের বিভিন্ন দিক তুলে ধরবেন।

এরপর সচিবালয়ে দুপুর সাড়ে ১২টায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার এবং দুপুর দেড়টায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংবাদ সম্মেলন করে ফলের বিভিন্ন দিক তুলে ধরবেন।

গত ১ থেকে ১৮ নভেম্বর অনুষ্ঠিত জেএসসি-জেডিসি পরীক্ষায় অংশ নেয় ২৩ লাখ ২৫ হাজার ৯৩৩ শিক্ষার্থী। এরপর ২২ থেকে ৩০ নভেম্বর ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ শিক্ষার্থী প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় বসে।

ফল জানা যাবে মোবাইলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (www.dpe.gov.bd) এবং টেলিটকের ওয়েবসাইট (<http://dpe.teletalk.com.bd>) থেকে প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনীর ফল জানা যাবে। এ ছাড়া যে কোনো মোবাইল ফোন থেকে DPE লিখে স্পেস দিয়ে থানা/উপজেলার কোড নম্বর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে। ইবতেদায়ীর ফলের জন্য EBT লিখে স্পেস দিয়ে থানা/উপজেলার কোড নম্বর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে।

এই এসএমএস লেখার সময় সরকারি অথবা রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের EMIS কোড নম্বরের প্রথম পাঁচ সংখ্যা উপজেলা/থানা কোড হিসেবে ব্যবহার করতে হবে; যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট, সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস, উপজেলা/থানা শিক্ষা অফিস ও প্রাথমিক বিদ্যালয় থেকে জানা যাবে।

আর দেশের সাধারণ শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট (www.educationboardresults.gov.bd) ছাড়াও সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইট থেকে জেএসসি-জেডিসির ফল জানা যাবে। যে কোনো মোবাইল থেকে JSC/JDC লিখে স্পেস দিয়ে নিজ বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৫ লিখে এসএমএস করলে ফিরতি এসএমএসে ফল জানা যাবে।